

কৃষি মন্ত্রণালয়ের বিশেষজ্ঞ পুলের অনুরোধে কৃষি গবেষণা ফাউন্ডেশন আগামীতে হাওড় অঞ্চলের কৃষি উৎপাদনের জন্য করণীয় উপায়গুলো সনাক্ত করার জন্য এক আলোচনা সভার আয়োজন করেছিল। আলোচনা সভায় কৃষি মন্ত্রণালয়ের বিশেষজ্ঞ পুলের স্বনামধন্য সদস্য ড. আব্দুস সাত্তার মন্ডল; কৃষিবিদ ড. এস এম নাজমুল ইসলাম, প্রাক্তন সচিব, কৃষি মন্ত্রণালয়; মোহাম্মদ এনামুল হক, প্রাক্তন মহাপরিচালক, ডিএই উপস্থিত ছিলেন।

আরও উপস্থিত ছিলেন বিএডিসি এর চেয়ারম্যান; ব্রি এর মহাপরিচালক; কৃষি মন্ত্রণালয়ের বিশেষজ্ঞ, সমস্ত নার্স ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা); বিএআরসি এর সদস্য পরিচালক (শস্য); সমস্ত কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর; প্রাইভেট সেক্টর; কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালকবৃন্দ। আরও উপস্থিত ছিলেন হাওড় এবং চর উন্নয়ন ইনস্টিটিউটের পরিচালক মহোদয়।

কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অভিজ্ঞ নির্বাহী পরিচালক ড. ওয়ায়েস কবীর অনুষ্ঠানটি সার্বিকভাবে সফল করে তুলে ধরেন। আলাপ-আলোচনার মাধ্যমে একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা তৈরী করা হয় এবং অল্পসময়ের ভিতরেই কৃষি মন্ত্রণালয়কে হস্তান্তর করা হবে যাহা হাওড় অঞ্চলের ভবিষ্যতে কার্যকরী কর্ম-পরিকল্পনা তৈরীতে সাহায্য করবে।